



বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিসিবি পরিচালক হচ্ছেন আসিফ আকবর



সংগৃহীত ছবি

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচনে চট্টগ্রাম বিভাগ থেকে প্রার্থী সংকটে বিনা ভোটেই পরিচালক হচ্ছেন সংগীতশিল্পী ও কুমিল্লা জেলা ক্রীড়া সংস্থার কাউন্সিলর আসিফ আকবর। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিনে একাধিক প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করায় প্রতিদ্বন্দ্বিতা ছাড়াই নির্বাচিত হওয়ার পথ সুগম হয়।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) আসন্ন পরিচালনা পর্ষদ নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হতে যাচ্ছেন সংগীতশিল্পী আসিফ আকবর। আজ বুধবার (১ অক্টোবর) ছিল প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। সকাল থেকেই সাবেক অধিনায়ক তামিম ইকবালসহ মোট ১৬ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করেন।

দুপুর ১২টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহারের সুযোগ ছিল। এর মধ্যে চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থা থেকে মীর হেলাল উদ্দিন সরে দাঁড়ান। এর ফলে চট্টগ্রাম বিভাগের কোটায় বৈধ প্রার্থী হিসেবে থাকেন মাত্র দুইজন—কুমিল্লা জেলা ক্রীড়া সংস্থার কাউন্সিলর আসিফ আকবর ও চট্টগ্রাম বিভাগীয় ক্রীড়া সংস্থার কাউন্সিলর আহসান ইকবাল চৌধুরী।

চট্টগ্রাম বিভাগ থেকে অন্য আর কোনো প্রার্থী না থাকায় এই দুজন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হতে যাচ্ছেন। ফলে সংগীতশিল্পী আসিফ আকবরের জন্য বিসিবি পরিচালক পদে পৌঁছানোর পথ একেবারেই সহজ হয়ে গেছে।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালনা পর্ষদের আনুষ্ঠানিক নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৬ অক্টোবর। তবে আসিফ আকবর ও আহসান ইকবাল চৌধুরীর নির্বাচিত হওয়া এখন কেবল আনুষ্ঠানিকতার অপেক্ষা।